

## প্রোফাইল



জনাব মোঃ এনায়েত হোসেন ১লা জুন, ১৯৬০ সালে মাগুরা জেলার সদর উপজেলার হাজীপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭৬ সালে মাগুরা সরকারি বালক উচ্চ বিদ্যালয় হতে মাধ্যমিক এবং রাজশাহী সরকারি নিউ ডিগ্রি কলেজ হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যানে ১৯৮১ ব্যাচে স্নাতক (সন্মান) ও ১৯৮২ ব্যাচে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।

তিনি বিসিএস (ইকনমিক) ক্যাডারের ১৯৮৫ ব্যাচের কর্মকর্তা হিসেবে ১৫ ফেব্রুয়ারি, ১৯৮৮ তে সরকারি চাকুরিতে যোগদান করেন। তিনি সহকারী প্রধান হিসেবে পাট মন্ত্রণালয়, সিনিয়র সহকারী প্রধান হিসেবে পরিকল্পনা কমিশনের কৃষি, পল্লী প্রতিষ্ঠান ও পানি সম্পদ বিভাগ, সিনিয়র সহকারী প্রধান হিসেবে জাতীয় বেতন কমিশন, ১৯৯৭ ও জাতীয় বেতন কমিশন, ২০০৫-এ, সিনিয়র সহকারী সচিব হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ এবং সিনিয়র সহকারী প্রধান হিসেবে কৃষি মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন।

তিনি ২০০৬ সালে উপ-প্রধান পদে পদোন্নতি লাভ করেন। তিনি উপ-প্রধান হিসেবে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ এবং নির্বাচন কমিশন সচিবালয়ে দায়িত্ব পালন করেন। তিনি ২০১১ সালে যুগ্ম-প্রধান পদে পদোন্নতি লাভ করেন। তিনি যুগ্ম-প্রধান হিসেবে ২৯ আগস্ট, ২০১১ হতে ১৫ জানুয়ারি, ২০১২ পর্যন্ত পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগ এবং ১৬ জানুয়ারি, ২০১২ হতে ২১ মে, ২০১৪ পর্যন্ত পরিকল্পনা বিভাগের এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগে দায়িত্ব পালন করেন। তিনি গত ২২ মে, ২০১৪ সালে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে যুগ্ম-প্রধান পদে যোগদান করেন।

তিনি বিভিন্ন সময়ে সরকারি সফরে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সিংগাপুর, ফিলিপাইন, ভারত, শ্রীলংকা, ফ্রান্স, জার্মানী, সুইডেন, সুইজারল্যান্ড, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, চীন, নেপাল, মালয়শিয়া, কানাডা, জাপান ও দক্ষিণ আফ্রিকা সফর করেন।

জনাব মোঃ এনায়েত হোসেন বিবাহিত এবং এক পুত্র সন্তানের জনক। তাঁর স্ত্রীর নাম মিসেস তানিয়া হক।